| আপনার শহরকে পরিচ্ছন্ন ও সবুজ রাখুন |
|---|

| শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি |
|---|

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সাধারণ শাখা
বাটালি হিল, টাইগারপাস, চট্টগ্রাম
www.ccc.gov.bd

**চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৮তম সাধারণ সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী<br>মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : | ২৭ জুলাই ২০২২ খ্রিঃ |
| স্থান | : | কে.বি আবদুচ ছত্তার মিলনায়তন<br>(আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবন) |
| সভার সময় | : | দুপুর- ২.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট ক-তে দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে)।

পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে সভা শুরু করা হয়। সভার শুরুতে নগরীর বিশিষ্ট ব্যক্তিদের মৃত্যুতে শোক প্রকাশ করে মোনাজাত করা হয়।

সভাপতি উপস্থিত প্যানেল মেয়র, কাউন্সিলরগণ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভা পরিচালনা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ শহীদুল আলম-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন।

শুরুতে গত ২৮ জুন ২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৭তম সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কারো আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

প্রধান নির্বাহী কর্মকর্তার আহবানে সচিব জনাব খালেদ মাহমুদ বিভিন্ন বিভাগ থেকে প্রেরিত গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির গুরুত্বপূর্ণ বিষয় সমূহ সভায় উপস্থাপন করেন ।

প্রকৌশল বিভাগের অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করা হয়, নগরীকে পরিকল্পিতভাগে গড়ে তোলার লক্ষ্যে নগরীর যে কোন স্থানে নতুন ভবন নির্মাণের ক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ছাড়পত্র বাধ্যতামূলক করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে নথি কর্তৃপক্ষ বরাবরে উপস্থাপন করা হয়েছে। নগরীর উপযুক্ত স্থানে সড়কে, ফ্লাইওভারের নিচে পে-পার্কিং এর ব্যবস্থা করার নিমিত্তে স্থান নির্বাচনের জন্য নগর পরিকল্পনাবিদ হতে প্রস্তাবনা চাওয়া হয়েছে। নগরীর ফুটপাতের ভাঙ্গা রেলিং, গ্রীল সৌন্দর্যবর্ধনের জন্য স্থাপিত বিনষ্ট বেষ্টনীগুলো পরিদর্শনপূর্বক তালিকা প্রস্তুতকরণের কাজ চলমান রয়েছে। নগরীর ঝুঁকিপূর্ণ সকল খাল-নালার নিরাপত্তা বেষ্টনী নির্মান কাজ চলমান রয়েছে। ইতিমধ্যে চশমা খাল,টিএন্ডটি কলোনী, মুরাদপুর এলাকা, ২ নং গেইট কবরস্থান সংলগ্ন এলাকাসহ বিভিন্ন স্থানে বেষ্টনী নির্মানের কাজ সম্পন্ন হয়েছে। ২৫০০ কোটি টাকার প্রকল্পের ১১ টি দরপত্রের NOA প্রদান কাজ চলমান রয়েছে এবং ১টি দরপত্র লাইভে আছে। বারইপাড়া খাল খনন প্রকল্পের ভৌত অগ্রগতি ২০% এবং আর্থিক অগ্রগতি ৭৩%। বাস ট্রাক টার্মিনাল প্রকল্পের ভৌত অগ্রগতি ৮০% এবং আর্থিক অগ্রগতি ৭৬%।

রাজস্ব বিভাগের অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করা হয়, রাজস্ব আদায়ের ২৬টি খাতের মধ্যে গুরুত্বপূর্ণ কিছু খাত হতে কর আদায়ের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয় এবং ইমরাত নির্মাণ, পূণঃনির্মাণ আবেদনের উপর কর আদায়ের বিষয়ে আইন শাখা হতে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। চলতি ২০২২-২০২৩ অর্থবছরে কর/ফি আদায়ের হার ৭০-৮০ শতাংশ নিশ্চিত করতে কর কর্মকর্তাদের (কর/লাইসেন্স) নির্দেশনা প্রদান করা হয়। নগরীতে লাইসেন্স বিহীন ব্যবসায়ী প্রতিষ্ঠানকে ট্রেড লাইসেন্সের আওতায় আনতে কর কর্মকর্তাকে (লাইসেন্স) নির্দেশ প্রদান করা হয়। রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে প্রতি মাসে অনুমতিপত্র পরিদর্শক ও কর আদায়কারীদের সাথে সভা আয়োজন করা হবে। ইতোমধ্যে কর কর্মকর্তাদের সাথে রাজস্ব কর্মকর্তার জুলাই মাসে পর্যালোচনা সভা আয়োজন করা হয়েছে।

পরিচ্ছন্ন বিভাগের অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করা হয়, জলাবদ্ধতা নিরসনে ক্রাশ প্রোগ্রামের আওতায় জলাবদ্ধতাপ্রবণ ওয়ার্ডের নালা-খাল হতে মাটি, বালি, আবর্জনা উত্তোলন ও অপসারণ কাজ চলমান রয়েছে।নিজস্ব শ্রমিক ও ইকুইপমেন্টের বাইরে যেখানে প্রয়োজন সেখানে স্কেভেটর ও ডাম্প ট্রাক ভাড়া নিয়ে কাজ করা হচ্ছে। পবিত্র ঈদুল আযহা-২০২২ উপলক্ষে সম্মানিত কাউন্সিলরদের সমন্বয়ে কমিটি গঠন করে

কর্মপরিকল্পনা নির্ধারণ এবং সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার সাথে সুষ্টুভাবে বর্জ্য ও চামড়া ব্যবস্থাপনার নিশ্চিত করার জন্য সভা ও প্রচার প্রচারণা চালানো হয়। ঈদের পূর্বেই প্রয়োজনীয় সকল মালামাল সংগ্রহ ও বিতরণ করা হয়। ফলে এ বছর ৭ ঘন্টার মধ্যে কোরবানির বর্জ্য অপসারণ করা হয়েছে যা সকল মহলে প্রশংসিত হয়েছে।

ম্যাজিস্ট্রেট শাখার অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করা হয়, রাস্তা, নালা-নর্দমা,খালে বর্জ্য ফেলার কারণে নগরের বিভিন্ন এলাকায় ১৬টি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে নগরের অভিযুক্তদের বিরুদ্ধে ৭১টি মামলা রুজু পূর্বক ৪,২৬,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। এবং সর্বসাধারণকে রাস্তা নালা-নর্দমা খালে বর্জ্য না ফেলার জন্য সর্তক করা হয়। ভেজাল বিরোধী অভিযানে ৯টি মামলায় ৮,৯৫,০০০/- পলিথিন ব্যবহার রোধ ও বাজার মূল্য নিরসনে ১১টি মামলা রুজু পূর্বক ২০,৫০০/– টাকা জরিমানা আদায় করা হয় এবং পলিথিন জব্দ পূর্বক বিনষ্ট করা হয়। তাছাড়া বিভিন্ন ওয়ার্ডের মশক নিধন কার্যক্রম তদারকি করা হয়। নির্মাণাধীন ভবন, বাসাবাড়ির ছাদ ও পরিত্যক্ত জায়গায় পানি জমাট আছে কিনা মোবাইল কোর্টের মাধ্যমে তদারকি করা হয়। এ বিষয়ে বাড়ির বসবাসকারীদের সচেতন করা হয়।

সচিব জনাব খালেদ মাহমুদ সাধারণ সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অগ্রগতির প্রতিবেদনে তথ্য উপাত্ত সমূহ আরো সুনিদিষ্ট ভাবে উল্লেখ করে যথাসময়ে উপস্থাপনের জন্য স্ব স্ব বিভাগকে নির্দেশনা দেন। তিনি বিগত সাধারণ সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করেন। অত:পর পরবর্তী আলোচ্যসূচি অনুযায়ী আলোচনায় অংশগ্রহণের জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান।

১:১ঃ ৫নং মোহরা ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোহাম্মদ কাজী নুরুল আমিন মোহরা সিএন্ডবি এলাকায় ওয়াসা কর্তৃক ফুটপাতের উপর দেয়াল নির্মাণ করে পথচারী চলাচলের যে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে তা দ্রুত অপসারণ করে পথচারীদের নিবিঘ্নে চলাচলের ব্যবস্থা গ্রহণে চট্টগ্রাম ওয়াসা প্রতিনিধিকে অনুরোধ জানান।

১:২ঃ ৭নং ষোলশহর ওয়ার্ড কাউন্সিলর ও বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোবারক আলী নগরীতে লোড-শেডিংয়ের নিদিষ্ট শিডিউল পত্রিকায় প্রকাশ ও ওয়ার্ড অফিসগুলোতে সরবরাহের মাধ্যমে সাধারণ জনগণের অবহিত করণে সহযোগিতা করার জন্য বিদ্যুৎ উন্নয়ন বোর্ড প্রতিনিধিকে অনুরোধ জানান।

১:৩ঃ ১৪নং লালখান বাজার ওয়ার্ড কাউন্সিলর জনাব আবুল হাসনাত মোহাম্মদ বেলাল বলেন, ওয়াসার গ্রাহক সংযোগ প্রদানের ক্ষেত্রে যথাযথ নিয়ম না মেনে বাসাবাড়ির সংযোগ দেয়া হচ্ছে। এতে পথচারীদের ফুটপাতে চলাচলে অসুবিধা সৃষ্টি হচ্ছে। তিনি এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য চট্টগ্রাম ওয়াসা প্রতিনিধিকে অনুরোধ জানান।

১:৪ঃ ২৭নং দক্ষিণ আগ্রাবাদ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ শেখ জাফরুল হায়দার চৌধুরী বলেন, ওয়াসা কর্তৃক রাস্তা কর্তনের সময় অনুমতি পত্র প্রর্দশন করা হয় না। তিনি রাস্তা কর্তনে হালনাগাদ অনুমতিপত্র প্রর্দশন করার ব্যবস্থা গ্রহনের জন্য চট্টগ্রাম ওয়াসা প্রতিনিধিকে অনুরোধ জানান।

১:৫ঃ ৩১নং আলকরণ ওয়ার্ড কাউন্সিলর জনাব মো. আবদুস সালাম বলেন, সদরঘাট এলাকার কালভার্টের নিচে ওয়াসার তিনটা পাইপ লাইন একসঙ্গে রয়েছে যার দরুন নালার পানি প্রবাহে বাধা প্রাপ্ত হয়ে উক্ত স্থানে পানি জমে যাচ্ছে। তিনি এ বিষয়ে পদক্ষেপ নেয়ার জন্য চট্টগ্রাম ওয়াসা প্রতিনিধিকে অনুরোধ জানান। তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ উপলক্ষে গৃহিত মাসব্যাপি কর্মসূচী বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

১:৬ঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী(অ: দা:) জনাব আশিকুল ইসলাম, নালা নর্দমায় পানি প্রবাহ বাধাগ্রস্থ না হওয়ার জন্য চট্টগ্রাম ওয়াসার পাইপ লাইনসমূহ স্ল্যাব/কালভার্ট বরাবর স্থাপন করার জন্য ওয়াসার প্রতিনিধি-কে অনুরোধ জানান।

১:৭ঃ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ খোরশেদ আলী চৌধুরী বলেন, নগরীতে লোড শেডিংয়ের বিষয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। তথাপি বিদ্যুতের লোডশেডিং সংক্রান্ত আলোচনার বিষয়বস্তু উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করে আরো বিশদভাবে জনগণকে জানানোর ব্যবস্থা করা হবে।

১:৮ঃ চট্টগ্রাম ওয়াসার নির্বাহী প্রকৌশলী জনাব ইফতেখার উল্লাহ মামুন বলেন, চট্টগ্রাম ওয়াসা সংক্রান্ত বিষয়ে সাধারণ সভায় আলোচিত বিষয়গুলো উর্দ্ধতন কর্তৃপক্ষকে যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অবহিত করা হবে।

১:৯ঃ প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ শহীদুল আলম জলাবদ্ধতা নিরসনে খাল, নালা-নর্দমা থেকে বর্জ্য, মাটি অপসারনে প্রকৌশলী বিভাগ, পরিচ্ছন্ন বিভাগ ও কাউন্সিলরদের মাধ্যমে বাস্তবায়নকৃত কার্যক্রমের ওয়ার্ড ওয়ারী প্রতিবেদন মেয়র মহোদয়ের বরাবরে দাখিল করার নিদের্শনা প্রদান করেন। তিনি চসিকের বর্জ্য ব্যবস্থাপনায় পর্যায়ক্রমে আউটসোর্সিং পদ্ধতি বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন। তিনি আরো বলেন, সিলেটের সুনামগঞ্জে ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্থদের মাঝে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে আর্থিক সাহায্য প্রদান ও দূর্গত এলাকায় ঔষধ ও মেডিক্যাল টিমের মাধ্যমে স্বাস্থ্য সেবা প্রদান করায় সুনামগঞ্জের জেলা প্রশাসকের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করেছেন।

১:১০ঃ সম্মানিত সভাপতি মাননীয় মেয়র জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী তাঁর বক্তব্যের শুরুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা, প্যানেল মেয়র, কাউন্সিলর ও অন্যান্য সংস্থা থেকে উপস্থিত অতিথিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বলেন, আগামী শুস্ক মৌসুমের পূর্বে নগরীর রাস্তা-ঘাট ও ফুটপাত মেরামত কাজ একযোগে শুরু করা হবে। তিনি চলমান বারইপাড়া খাল খনন প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য প্রকৌশলীদের নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের মাসওয়ারী বাস্তবায়ন পরিকল্পনা(ভৌত ও আর্থিক) এবং সে অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন আকারে প্রতি মাসে সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। জমি অধিগ্রহণের মাসওয়ারী অগ্রগতির প্রতিবেদনও সভায় উপস্থাপন করতে হবে। তিনি ২,৫০০ কোটি টাকার প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শন করে এস্টিমেট তৈরী করার নির্দেশ দেন ।

সভাপতি বলেন, গত কোরবানির পশুর বর্জ্য নির্ধারিত সময়ের পূর্বে অপসারণ করায় সর্বমহল থেকে চট্টগ্রাম সিটি কর্পোরেশন অভিনন্দিত হয়েছে। অনুরূপ প্রকৌশল বিভাগের চলমান প্রকল্পগুলো যথাসময়ে বাস্তবায়নের মাধ্যমে নগরীর উন্নয়ন দৃশ্যমান করতে হবে। তিনি পরিচ্ছন্ন বিভাগের কাজের গতিশীলতা আরোও বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সরঞ্জাম ও ৪১টি ওয়ার্ডে অলিগলির আবর্জনা অপসারণের সুবিধার্থে টমটম গাড়ি ক্রয়ের ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন।

সভাপতি আরো বলেন, বৈশ্বিক মহামারি ও ইউক্রেন রাশিয়ার যুদ্ধের কারণে বিশ্ব অর্থনীতিতে মন্দাভাব বিরাজ করছে। এই পরিস্থিতিতে সরকারের ব্যয় সংকোচনের নির্দেশনার বাস্তবায়নে সিটি কর্পোরেশন পরিচালনায় মিতব্যয়ী হতে হবে। তিনি বলেন, চসিকের সরঞ্জাম ক্রয়ের ব্যাপারে আগাম বাৎসরিক চাহিদা গ্রহণ করে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হবে এবং যান্ত্রিক বিভাগের যানবাহনগুলো আউটসোর্সিংয়ের মাধ্যমে মেরামত করা হবে এবং ব্যবহার অনুপযোগী যানবাহনগুলো নিলামে বিক্রি করতে হবে।

তিনি রাজস্ব বিভাগের আয় বৃদ্ধির উপর গুরুত্বারোপ করে বলেন, গৃহকর আদায়ের ক্ষেত্রে জনগণ যাতে বিভ্রান্ত না হয় সে দিকে লক্ষ্য রেখে এসেসম্যান্টের অসংগতিগুলো রিভিউ বোর্ডের মাধ্যমে সহনীয় পর্যায়ে নিরূপন করে জনগণকে কর প্রদানে উৎসাহিত করতে হবে এবং করের আওতা/পরিধি বৃদ্ধি করতে হবে। বিনামূল্যে সরবরাহকৃত রিভিউ ফরম ওয়ার্ড অফিস, সার্কেল অফিস ও অনলাইন থেকে সংগ্রহ করার জন্য নগরবাসীকে উদ্বুদ্ধ করতে হবে। এক্ষেত্রে সম্মানিত কাউন্সিলরগণ জনগণকে সার্বিক সহযোগিতা করবেন।এছাড়াও কর্পোরেশনের মালিকানাধীন পকেট ল্যান্ডগুলোতে অস্থায়ী স্থাপনা নির্মাণ করে ভাড়া বা ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভাপতি বলেন, চট্টগ্রাম ওয়াসা কর্তৃক রাস্তা কর্তনের হালনাগাদ প্রত্যয়ন পত্র না থাকলে রাস্তা কাটা যাবে না। হালনাগাদ প্রত্যয়ন পত্র ব্যতিত রাস্তা কর্তন করলে সংশ্লিষ্ট ঠিকাদারের মালামাল জব্দসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আগামী ১৫ আগস্ট জাতীয় শোক দিবসের কর্মসূচি সফলভাবে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন।

তিনি বলেন, ড্রাইডক থেকে বিমান বাহিনী ঘাটি পর্যন্ত সড়ক স্কোয়াড্রন লিডার মরহুম মোহাম্মদ সাফায়েত সরওয়ার সড়ক নামকরণ সংক্রান্ত বিষয়ে তথ্য সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন আকারে আগামী সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।

তিনি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিশেষ চুক্তি বিধিমালা-২০২২ এর খসড়া সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী সম্মানিত কাউন্সিলরদের মতামতের জন্য প্রেরণ করে ০৭ দিনের মধ্যে মতামত গ্রহণ করে প্রয়োজনীয় মতামত বিধিমালায় সংযোজন-বিয়োজনের ব্যবস্থা পূর্বক স্থানীয় সরকার বিভাগে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।

সভাপতি নগরীতে সকল সেবাদানকারী সংস্থাকে তাদের কাজের সমন্বয়ের উপর পূনরায় গুরুত্বারোপ করেন এবং সকলের অর্পিত দায়িত্ব সবোর্চ্চ আন্তরিকতা ও নিষ্ঠার সাথে পালনের জন্য অনুরোধ জানান।

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচ্যসূচি ০১ ঃ গত ২৮জুন ২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৭তম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| সভাপতির অনুমতিক্রমে বিগত ২৮ জুন ২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৭তম সাধারণ সভার কার্যবিবরণী প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থাপন করেন। | কোন সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৮তম সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

আলোচ্যসূচি ০২ ঃ গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অত্র সিটি কর্পোরেশনের সচিব সভায় উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সাধারণ সভার অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। বিভাগীয় প্রধান (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

আলোচ্যসূচি ০৩ ঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগ, স্থায়ী কমিটির গৃহিত সিদ্ধান্ত, বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত এবং বিভিন্ন সংস্থার কার্যক্রমের বিষয়ে আলোচনা।

<u>৩:১ঃ প্রকৌশল বিভাগ(পুরকৌশল শাখা)</u>

<u>৩:১:১ঃ প্রকৌশল বিভাগ (পুরকৌশল শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ</u>

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগ (পুরকৌশল শাখা) সম্পর্কিত | ১। শুষ্ক মৌসুমের শুরুতেই যাতে ২৫০০ কোটি টাকার প্রকল্পের মাধ্যমে নগরীর সকল রাস্তা, ওভারব্রীজ নির্মাণ ইত্যাদি কাজ শুরু করা সম্ভব হয় সেই অনুযায়ী লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে | প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | এবং দরপত্রের সকল প্রক্রিয়া ডিসেম্বর-২০২২ সালের মধ্যেই সম্পন্ন করতে হবে।<br>২। নগরীর জলাবদ্ধতা নিরসনে বারই পাড়া খাল খনন প্রকল্পের খাল খনন, কালভার্ট, রাস্তা নির্মাণের কাজ কর্মপরিকল্পনা অনুযায়ী ডিসেম্বর-২০২৩ এর মধ্যেই সম্পন্ন লক্ষ্যে মাসভিত্তিক পরিকল্পনা (ভৌত ও আর্থিকসহ) প্রণয়ন এবং সে অনুযায়ী প্রতি মাসে অগ্রগতির হার প্রতিবেদন আকারে সভায় উপস্থাপন করতে হবে। জমি অধিগ্রহণের মাসওয়ারী অগ্রগতিও সভায় উপস্থাপন করতে হবে। | | |

৩:১:২ঃ প্রকৌশল বিভাগ (পুরকৌশল শাখা) সম্পর্কিত বিভিন্ন স্থায়ী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ১৭ জুলাই ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির ১৪তম সভায় চসিকের আওতাধীন পশ্চিম বাকলিয়া ওয়ার্ড কার্যালয়ের সাবেক ইউনিয়ন পরিষদ অফিস বা ওয়ার্ড অফিস নামে পরিচিত স্থাপনাটিকে ওয়ার্ড অফিস কাম কমিউনিটি সেন্টারসহ মাল্টি পারপাস বহুতল ভবন নির্মাণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | আয় বর্ধক প্রকল্প হিসাবে পশ্চিম বাকলিয়া ওয়ার্ড কার্যালয়ের সাবেক ইউনিয়ন পরিষদ অফিস বা ওয়ার্ড অফিস নামে পরিচিত স্থাপনাটিকে ওয়ার্ড অফিস কাম কমিউনিটি সেন্টার সহ মাল্টি পারপাস বহুতল ভবন নির্মাণের বিষয়ে প্রধান প্রকৌশলী ব্যবস্থা গ্রহণ করবেন। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত। |

৩:১:৩ঃ প্রকৌশল বিভাগের (পুরকৌশল শাখা) বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিগত বিভিন্ন সভায় প্রকৌশল বিভাগের (পুরকৌশল শাখা) পার্শ্বোক্ত অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ যা বাস্তবায়ন হয়নি অথচ জনগুরুত্বপূর্ণ এবং বাস্তবায়ন প্রয়োজন এরূপ সিদ্ধান্ত বাস্তবায়নে বিস্তারিত আলোচনা হয় এবং দ্রুত বাস্তবায়নে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। ২১ টি খালের সীমানা নির্ধারণ ও সম্ভাব্যতা যাচাইয়ের জন্য EOI আহবানের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৭/০২/২০২২ তারিখের ১৩ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ২। নগরীর ফুটপাতের ভাঙ্গা রেলিং, গ্রীল ও সৌন্দর্যবর্ধনের জন্য স্থাপিত বিনষ্ট বেষ্টনীগুলো পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঐ | ২৮/০৬/২০২২ তারিখের ১৭ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৩। নগরীতে নতুন ভবন নির্মাণের ক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ছাড়পত্র বাধ্যতামূলক করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ঐ | ঐ |
| | ৪। জলাবদ্ধতার মেগা প্রকল্পভূক্ত এলাকাসহ নগরীর ঝুঁকিপূর্ণ সব খাল নালায় ১৫ (পনের) দিনের মধ্যে নিরাপত্তা বেষ্টনী/স্ল্যাব/নিদের্শক চিহ্ন স্থাপন করতে হবে এবং ফুটপাতের বিনষ্ট স্ল্যাব মেরামত করতে হবে। | ঐ | ২৮/১০/২০২১ তারিখের ৯ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৫। ২৫০০ কোটি টাকার প্রকল্পের মাধ্যমে প্রয়োজনীয় সড়ক উন্নয়নের জন্য কাউন্সিলরদের প্রায়োরিটি তালিকা মাননীয় মেয়র বরাবর প্রেরণ করতে হবে। | ঐ | ২৯/০৫/২০২২ তারিখের ১৬ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৬। ২নং গেইট এলাকার জলাবদ্ধতার কারণ নিরূপনএবং সমাধানে করণীয় বিষয়ে একটি প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | ঐ | ২৮/০৬/২০২২ তারিখের ১৭ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৭। ওয়ার্ড ভিত্তিক ২০২২-২৩ অর্থবছরের জন্য বার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনা(সার্বিক) সংশ্লিষ্ট সম্মানিত ওয়ার্ড কাউন্সিলরসহ প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ঐ | ২৮/০৬/২০২২ তারিখের ১৭ম সাধারণ সভার সিদ্ধান্ত |

| | | | |
|---|---|---|---|
| | ৮। চসিকের আওতাধীন এলাকায় রোড কার্টিং এর ফি বৃদ্ধি বিষয়ে প্রকৌশল বিভাগের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে পুন: পত্র দেয়ার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঐ | ২৮/০৬/২০২২ তারিখের ১৭ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৯। প্রকৌশল বিভাগের ন্যায় প্রকিউরমেন্ট শাখা, নেজারত শাখা এবং অন্যান্য শাখার জন্য ঠিকাদার তালিকাভূক্ত করা এবং তালিকাভূক্ত ঠিকাদারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন করতে হবে। | ঐ | ২৮/০৬/২০২২ তারিখের ১৭ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ১০। নগরীর সড়কে ও ফ্ল্যাইওভারের নিচে উপযুক্ত স্থানে পে-পার্কিং চালুকরণের বিষয়ে সিএমপির সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নগর পরিকল্পনাবিদ চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৮/০৬/২০২২ তারিখের ১৭ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ১১। নগরীর খাল নালা ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষনের জন্য প্রয়োজনীয় জনবলের বিষয়ে জলাবদ্ধতা নিরসন প্রকল্পের প্রতিনিধি ও সিডিএ এর সাথে সমন্বয় পূর্বক জনবলের চাহিদা সচিবালয় বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৮/০৬/২০২২ তারিখের ১৭ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ১২। সেবক কলোনী নির্মাণ, রাস্তা ও ট্রাক টার্মিনাল নির্মাণ, বারইপাড়া খাল খনন ও ২৫০০ কোটি টাকার সড়ক, ওভারব্রীজ নির্মাণ প্রকল্পের কাজের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আকারে উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | ঐ | |

৩:১:৪ঃ প্রকৌশল বিভাগের দরপত্র কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক গত ৩১/০৫/২০২২, ৩০/০৬/২০২২, ০৭/০৭/২০২২ তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্তি সিদ্ধান্ত গৃহিত হয়। | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক গত ৩১/০৫/২০২২, ৩০/০৬/২০২২, ০৭/০৭/২০২২ তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী সাধারণ সভায় অনুমোদন করা হয়। | ক) প্রধান প্রধান নির্বাহী কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:২ঃ প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা)

৩:২:১ঃ প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগের যান্ত্রিক শাখা সর্ম্পকিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্তি সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। পরিচ্ছন্ন বিভাগের কাজে গতিশীলতা বৃদ্ধির জন্য ৪১ টি নতুন টমটম ক্রয় করতে হবে।<br>২। খালের মাটি উত্তোলনের জন্য চসিকের নিজস্ব এম্পিভিয়াস স্কেভেটর মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। অত্র সিটি কর্পোরেশনের যে সকল ক্রুটিযুক্ত নিজস্ব আবর্জনাবাহী গাড়ী রয়েছে সেগুলো দ্রুত মেরামত ও রং করে ব্যবহার উপযোগী করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:২:২ঃ প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা) সম্পর্কিত বিভিন্ন স্থায়ী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ২১ জুলাই ২০২২ খ্রি.তারিখে অনুষ্ঠিত বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির ৬ষ্ঠ সভায় বর্জ্য | ১। আগামী বছর কোরবানির বর্জ্য অপসারণে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে তৎপূর্বে বর্জ্য ফেলার কন্টেইনারের সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক |

| | | | |
|---|---|---|---|
| ফেলার কন্টেইনারের সংখ্যা আরো বৃদ্ধি, নষ্ট কন্টেইনার দ্রুত মেরামত ও রংকরণ এবং পর্যাপ্ত সংখ্যক স্কেভেটর সংগ্রহ করা এবং নিজস্ব নষ্ট স্কেভেটর মেরামতের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | এবং যেসব কন্টেইনারের ডালা ভেঙ্গে গিয়েছে বা অন্যভাবে নষ্ট হয়ে গিয়েছে সেগুলো দ্রুত মেরামত ও রং করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। নগরীর খাল-নালা হতে মাটি-আবর্জনা উত্তোলনের জন্য ভবিষ্যতে স্কেভেটর ভাড়া নিয়ে যাতে কাজ করতে না হয় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত |

৩:২:৩ঃ প্রকৌশল বিভাগের (যান্ত্রিক শাখা) বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিগত বিভিন্ন সভায় প্রকৌশল বিভাগের যান্ত্রিক শাখার পার্শ্বোক্তি অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ যা বাস্তবায়ন হয়নি অথচ জনগুরুত্বপূর্ণ এবং বাস্তবায়ন প্রয়োজন এরূপ সিদ্ধান্ত বাস্তবায়নে বিস্তারিত আলোচনা হয় এবং দ্রুত বাস্তবায়নে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। যান্ত্রিক বিভাগের মেরামতযোগ্য যানবাহন সমূহের তালিকা প্রস্তুত করে তা আউটসোর্সিং এর মাধ্যমে নিজস্ব ওয়ার্কসপে মেরামত করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৭/০২/২০২২ তারিখের ১৩ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ২। অকেজো নিলামযোগ্য যন্ত্রপাতি/গাড়ি জরুরী ভিত্তিতে নিলামে বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঐ | ২৮/০৪/২০২২ তারিখের ১৫ম সাধারণ সভার সিদ্ধান্ত |

৩:৩ঃ প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা)

৩:৩:১ঃ প্রকৌশল বিভাগ (বিদ্যুৎশাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগ বিদ্যুৎ শাখা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। নগরীর আলোকায়নে বৈদ্যুতিক বাতি সমূহ যাতে টেকসই, আবহাওয়া অনুকুল হয় সে বিবেচনায় বাতি ক্রয় ও সংযোগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। কোন স্থানে বিদ্যুতের সঞ্চালন লাইনে ক্রটি ও সড়ক বাতি নষ্ট হলে তাৎক্ষণিক ভাবে মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(ভাঃ) (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নিবর্হী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:৩:২ঃ প্রকৌশল বিভাগের (বিদ্যুৎ শাখা) বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিগত বিভিন্ন সভায় প্রকৌশল বিভাগের বিদ্যুৎ শাখার বিষয়ে পার্শ্বোক্তি অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ যা বাস্তবায়ন হয়নি অথচ জনগুরুত্বপূর্ণ এবং বাস্তবায়ন প্রয়োজন এরূপ সিদ্ধান্ত বাস্তবায়নে বিস্তারিত আলোচনা হয় এবং দ্রুত বাস্তবায়নে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। যেসব স্থানে লাইট পোষ্ট নেই আপাতত সেখানে পুরাতন পোষ্ট, শেড লাগানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভাঃ) (বিদ্যুৎ),<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৭/০২/২০২২ তারিখের ১৩ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ২। নগরীর আলোকায়নকৃত এলাকা ও যেসব এলাকায় আলোকায়ন এখনো সম্পন্ন হয়নি এরূপ এলাকা সমূহের তথ্য ওয়ার্ড ওয়ারী প্রস্তুতপূর্বক আগামী ১৫ দিনের মধ্যে মেয়র মহোদয় বরাবর উপস্থাপন করতে হবে। | ঐ | ৩০/০১/২০২২ তারিখের ১২ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৩। এলওসির মাধ্যমে বাস্তবায়নাধীন এলইডি প্রকল্পের টেন্ডার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ঐ | ২৮/১০/২০২২ তারিখের ৯ম সাধারণ সভার সিদ্ধান্ত |

| | | | |
|---|---|---|---|
| | ৪।এলওসি প্রকল্পের বাহিরে অবিদ্যুতায়িত সড়কসমূহে বিদ্যুতায়নের জন্য গৃহিত প্রকল্পের ডিপিপি দ্রুত প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ঐ | ২৭/০২/২০২২ তারিখের ১৩ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৫। বিদ্যুৎ বিভাগের মাসিক কার্যক্রম ওয়ার্ড ভিত্তিক সুনির্দিষ্ট ভাবে উল্লেখ পূর্বক মেয়র মহোদয় বরাবার প্রতিমাসে প্রেরণ করতে হবে। | ঐ | |

৩:৪ঃ রাজস্ব বিভাগ

৩:৪:১ঃ রাজস্ব বিভাগ সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় রাজস্ব বিভাগের কর আদায়ে গতিশীলতা বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। গৃহকর আদায়ের ক্ষেত্রে জনগণ যাতে বিভ্রান্ত না হয় সে দিকে লক্ষ্য রেখে এসেসম্যান্টের অসংগতিগুলো রিভিউ বোর্ডের মাধ্যমে সহনীয় পর্যায়ে নিরূপণ করে জনগণকে কর প্রদানে উৎসাহিত করতে হবে এবং করের আওতা/পরিধি বৃদ্ধি করতে হবে।<br>২। বিনামূল্যে সরবরাহকৃত রিভিউ ফরম ওয়ার্ড অফিস, সার্কেল অফিস ও অনলাইন থেকে সংগ্রহ করার জন্য নগরবাসীকে উদ্ধুদ্ধ করতে হবে। এক্ষেত্রে সম্মানিত কাউন্সিলরগণ জনগণকে সার্বিক সহযোগিতা করবেন।<br>৩। আদায়যোগ্য ২৬টি খাতের মধ্যে যে সব খাত থেকে কর আদায় করা হয় না সেসব খাত থেকে কর আদায়ে গৃহিত পদক্ষেপের সর্বশেষ তথ্য প্রতিবেদন আকারে মাননীয় মেয়র বরাবরে প্রেরণ করতে হবে।<br>৪। হোল্ডিং টেক্স এবং ট্রেড লাইসেন্সেরর মাস ভিত্তিক আদায়ের হার(খাত ভিত্তিক) প্রতি মাসে অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটিকে প্রতিবেদন আকারে জানাতে হবে।<br>৫। অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্যদের উপস্থিতিতে রাজস্ব বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আগস্টের মধ্যে একটি সভার আয়োজন করতে হবে। | ১। ক) প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। ক) প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) প্রোগ্রামার চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩-৫। প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:৪:২ঃ রাজস্ব বিভাগ সম্পর্কিত বিভিন্ন স্থায়ী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ১৭ জুলাই ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির ১৪তম সভায় রাজস্ব বিভাগের রাজস্ব আদায় বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | মন্দা দাবী, বকেয়া-হাল দাবী, নতুন ভাবে সংযোজিত হোল্ডিং ও ট্রেড লাইসেন্সের বাৎসরিক এবং মাসিক টার্গেট নির্ধারণ করতে হবে এবং সে অনুযায়ী প্রত্যেকটির আলাদা আলাদা আদায়ের পরিমাণ টার্গেট অনুযায়ী আদায়ের হার মাসিক ও বাৎসরিক ভিত্তিতে প্রস্তুতপূর্বক রিপোর্ট মাননীয় মেয়র ও সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর এবং ১ (এক) কপি অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব বরাবরে দাখিল করতে হবে। | ক) প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত। |

৩:৪:৩ঃ রাজস্ব বিভাগের বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিগত বিভিন্ন সভায় রাজস্ব বিভাগের পার্শ্বোক্ত অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ যা বাস্তবায়ন হয়নি অথচ জনগুরুত্বপূর্ণ এবং বাস্তবায়ন প্রয়োজন এরূপ সিদ্ধান্ত বাস্তবায়নে | ১। রাজস্ব আদায়ের পরিমাণ ৭০-৮০ শতাংশ নিশ্চিত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। নগরীতে বিদ্যমান প্রায় ৩(তিন) লক্ষ লাইসেন্সবিহীন ব্যবসায়িক প্রতিষ্ঠানকে ট্রেড লাইসেন্সের আওতায় আনতে স্থানীয় কাউন্সিলরদের সহযোগিতা নিয়ে বিশেষ কর্মসূচি গ্রহণ করতে হবে। | ক) প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| বিস্তারিত আলোচনা হয় এবং দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | ৩। ই-রেভিনিউ পদ্ধতিতে রাজস্ব আদায়ের মাসওয়ারী প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | | |

৩:৫ঃ রাজস্ব বিভাগ(এস্টেট শাখা)

৩:৫:১ ঃ রাজস্ব বিভাগ(এস্টেট শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় এস্টেট শাখার রাজস্ব আয় বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | চসিকের আওতাধীন নগরীতে যে সব ছোট ছোট পকেট ল্যান্ড/খালি জায়গা আছে সেগুলোতে অস্থায়ী স্থাপনা নির্মাণ করে ভাড়া/ইজারা প্রদান করে আয় বর্ধক প্রকল্প হিসেবে কার্যকর পদক্ষেপ গ্রহণ পূর্বক প্রতিবেদন আকারে মাননীয় মেয়র বরাবরে প্রেরণ করতে হবে। | ক) প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) এস্টেট অফিসার চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:৫:২ঃ রাজস্ব বিভাগ (এস্টেট শাখা) সম্পর্কিত বিভিন্ন স্থায়ী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ১৭ জুলাই ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির ১৪তম সভায় এস্টেট শাখার বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চট্টগ্রাম সিটি কর্পোরেশন মালিকানাধীন আসাদগঞ্জ শপিং কমপ্লেক্স এর ২য় থেকে ৬ষ্ঠ তলা পর্যন্ত ফ্লোর বরাদ্দ দেওয়ার নিমিত্তে এস্টেট অফিসার কর্তৃক বিস্তারিত প্রতিবেদন আগামী অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সভায় কমিটির সদস্য সচিব বরারর দাখিল করতে হবে।<br>২। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রতিটি ওয়ার্ডে যে সমস্ত অবৈধ দখলীয় খালি জায়গা, মার্কেট, প্লট, ফ্ল্যাট, ভবন রয়েছে সেগুলোকে আয়বর্ধক প্রকল্পের আওতায় এনে আয় বৃদ্ধির ব্যবস্থা করার বিষয়ে এস্টেট অফিসার ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩। ০১নং দক্ষিণ পাহাড়তলী ওয়ার্ডস্থ চৌধুরী হাট বাজারে অস্থায়ী গরুর বাজারটি আগামী বছর অর্থাৎ ২০২৩ খ্রিঃ হইতে এস্টেট শাখার মাধ্যমে পরিচালনা করতে হবে। বর্তমানে যে সমস্ত বাজার সমূহ চসিকের তালিকাভূক্ত হয় নাই তা আগামী (০১) এক মাসের মধ্যে তালিকাভুক্ত করার বিষয়ে এস্টেট অফিসার ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৪। চক বাজারস্থ ধনিয়ারপুলের নিচ হতে ফালাগাজী কবরস্থান পর্যন্ত জায়গার সরকারি ও ব্যক্তি মালিকানাধীন জায়গা পরিমাপের মাধ্যমে নির্ধারণের জন্য চসিকের সার্ভেয়ার দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে এস্টেট অফিসার ব্যবস্থা গ্রহণ করবেন। | ক) প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) এস্টেট অফিসার চট্টগ্রাম সিটি কর্পোরেশন | অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত। |

৩:৫:৩ঃ রাজস্ব বিভাগের (এস্টেট শাখা) বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিগত বিভিন্ন সভায় এস্টেট শাখার পার্শ্বোক্ত অবাস্তবায়িত সিদ্ধান্ত যা বাস্তবায়ন হয়নি অথচ জনগুরুত্বপূর্ণ এবং বাস্তবায়ন প্রয়োজন এরূপ সিদ্ধান্ত বাস্তবায়নে বিস্তারিত আলোচনা হয় এবং দ্রুত বাস্তবায়নে সিদ্ধান্ত গৃহিত হয়। | কর্পোরেশনের আয় বৃদ্ধিতে এস্টেট অফিসার ফইল্যাতলী কিচেন মার্কেটের দোকান বরাদ্দ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করবেন। | ক) প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) এস্টেট অফিসার চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৮/০৬/২০২২ তারিখের ১৭তম সাধারণ সভার সিদ্ধান্ত |

৩:৬ঃ পরিচ্ছন্নতা বিভাগ

৩:৬:১ঃ পরিচ্ছন্নতা বিভাগ সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় পরিচ্ছন্নতা | ১। জলাবদ্ধতা নিরসনে খাল, নালা-নর্দমা থেকে বর্জ্য, মাটি অপসারনে প্রকৌশলী বিভাগ, পরিচ্ছন্ন বিভাগ ও | ১। ক) সংশ্লিষ্ট কাউন্সিলর চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| বিভাগের বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | কাউন্সিলরদের মাধ্যমে বাস্তবায়নকৃত কার্যক্রমের ওয়ার্ড ওয়ারী প্রতিবেদন মেয়র মহোদয়ের বরাবরে দাখিল করতে হবে।<br>২। জলাবদ্ধতা নিরসনে প্রতিটি ওয়ার্ডে স্কেভেটর (প্রয়োজনে ভাড়া নিয়ে) ও চসিকের জনবল দ্বারা যান্ত্রিক শাখার সাথে সমন্বয়ের মাধ্যমে নগরীর সমস্ত খাল, নালা, নর্দমার বালি/মাটি/বর্জ্য ও আবর্জনা অপসারণ করে ড্রেনেজ ব্যবস্থা সচল রাখার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>৩। ডেঙ্গু, চিকুনগুনিয়ার প্রকোপ রোধে ওয়ার্ড কাউন্সিলরের সমন্বয়ে জনসচেতনতামূলক ক্যাম্পেইন ও এডিস মশার উৎপত্তিস্থল ধ্বংস এবং নিয়মিতভাবে মশার ঔষধ ছিটানোসহ ক্র্যাশ প্রোগ্রাম পরিচালনা করতে হবে। | খ) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>ঘ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা(অ:দা:)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। ক) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা(অ:দা:)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। ক) কাউন্সিলর (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা(অ:দা:)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:৬:২ঃ পরিচ্ছন্নতা বিভাগ সম্পর্কিত বিভিন্ন স্থায়ী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
